তোমরা মুনাফিকদের সাইয়েদ বলবে না। কেননা তোমরা যদি তাদের সাইয়্যেদ বলো তবে তোমরা তোমাদের মহান রবকে অসন্তুষ্ট করবে।

বুরাইদা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “তোমরা মুনাফিকদের সাইয়েদ বলবে না। কেননা তোমরা যদি তাদের সাইয়েদ বলো তবে তোমরা তোমাদের মহান রবকে অসন্তুষ্ট করবে।”
[সহীহ] [এটি নাসাঈ বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

হাদীসের অর্থ: মুনাফিক যদি কোনো অর্থে তার জাতির সাইয়্যেদ তথা সর্দার হয় তথা সে তার সম্প্রদায়ের বড় ব্যক্তি হিসেবে গণ্য হবার কারণে তোমরা তাকে সর্দার বল, তাহলে তোমরা তোমাদের রবকে অসন্তুষ্ট করলে। কেননা সর্দার বলা হয় সম্মান প্রদর্শনের জন্য; অথচ মুনাফিক সম্মানের যোগ্য নয়। আর সে যদি তার জাতির প্রকৃত সর্দার না হয় অথবা জাতির মধ্যে প্রবীন ব্যক্তি না হয়, তাহলে তাকে সর্দার বলা হলো মিথ্যা ও মুনাফিকী। তাহলে উভয় অবস্থাতেই মুনাফিককে সর্দার বলা নিষেধ। মুনাফিকের অনুরূপ কাফির, ফাসিক ও বিদ‘আতীকে সর্দার বলা যাবে না। কেননা তারা মোটেও এ সম্মানের যোগ্য নয়। দেখুন, মিরকাতুল মাফাতীহ, (৭/৩০০৯); শরহে সুনান আবূ দাউদ, লিল ‘আব্বাদ, ই-কপি।

http://www.sunnah.global/hadeeth/bn/show/8962